



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.১১.০০৬.২২-১২৯৪

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩০
২৮ আগস্ট ২০২৩

বিষয়: সুনামগঞ্জ পৌরসভায় ৬(ছয়)টি পদে চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগ সংক্রান্ত।

সূত্র : ১। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-পৌর-২/নিয়োগ-১০-৬৫/৯৮/১৩৯৭; তারিখ: ১৯/১০/১৯৯৮ খ্রি:।
২। সুনামগঞ্জ পৌরসভা হতে প্রাপ্ত পত্রের স্মারক নং-সুঃপৌর/প্রশা/সাঃধা/নিয়োগ/২০২৩/ ২২০, তারিখ: ০৯/০৭/২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ১৯৯৬ হতে ২০০৫ সাল পর্যন্ত সুনামগঞ্জ পৌরসভায় চুক্তিভিত্তিক নিয়োগকৃত নিম্নোক্ত ৪(চার)টি ক্যাটাগরির ৬(ছয়) জন কর্মচারী নিয়োগের অনুমোদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়:

ক্র.	পদের নাম	পদের সংখ্যা
১.	ট্রাক চালক	১(এক) জন
২.	পাইপ লাইন মেকানিক	২(দুই) জন
৩.	পাম্প চালক	১(এক) জন
৪.	বিদ্যুৎ লাইনম্যান	২(দুই) জন
	মোট	৬(ছয়) জন

২। উল্লেখ্য, বর্তমানে পৌরসভাসমূহে অস্থায়ী / চুক্তিভিত্তিক / মাস্টাররোল নিয়োগের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ হতে কোন ছাড়পত্র প্রদান করা হয় না। এ ধরনের নিয়োগ বাতিল করার জন্য একাধিকবার এ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছিল। এছাড়া, সূত্রস্থ ১নং স্মারকে ১৯৯৮ সালে সুনামগঞ্জ পৌরসভার চুক্তিভিত্তিক নিয়োগের প্রস্তাবটি স্থানীয় সরকার বিভাগ কর্তৃক অসম্মতি জ্ঞাপন করা হয়েছিল। কিন্তু, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা অনুসরণ না করে কর্মচারীদের অদ্যাবধি নিয়োজিত রাখা সমীচীন হয়নি।

৩। এমতাবস্থায়, সুনামগঞ্জ পৌরসভায় চুক্তিভিত্তিক কর্মচারী নিয়োগের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১৯৯৮ সালে না-মঞ্জুর হওয়ার পরও দীর্ঘদিন উল্লিখিত কর্মচারীদেরকে কেন এখনও চুক্তিভিত্তিক নিয়োজিত রাখা হয়েছে, এ বিষয়ে লিখিত ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০৮/২০২৩

মোঃ আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: lgpaura1@lgd.gov.bd

মেয়র

সুনামগঞ্জ পৌরসভা

সুনামগঞ্জ

অনুলিপি:

- অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)